ঈশ্বরদীতে পানিতে ডোবা ও ইনজুরি বিষয়ে সচেতনতা কার্যক্রম

ঈশ্বরদী প্রতিনিধি : পাবনার
ঈশ্বরদী উপজেলার সাঁড়া ইউনিয়নে
বেসরকারি সংস্থা ফেইথ ইন
অ্যাকশনের উদ্যোগে বাংলাদেশ
সরকারের স্বাস্থ্য অধিদপ্তরের
স্বাস্থ্য শিক্ষা ব্যুরোর
প্যাকেজ বাস্তবায়নের লক্ষে
শুক্রবার (১৩ মে) পানিতে ডোবা ও ইনজুরি বিষয়ে সচেতনতা মূলক সেমিনার অনুষ্ঠিত হয়।

ফেইথ ইন এ্যাকশন সূত্র জানায়,বাংলাদেশ সরকারের স্বাস্থ্য অধিদপ্তরের স্বাস্থ্য শিক্ষা ব্যুরোর প্যাকেজ নং-এইচইপি ১০/২০১৫-১৬-এর আওতায় গত ৯ মে থেকে মাস ব্যাপি দেশের বিভিন্ন স্থানে গনসচেতনতা মুলক এ সেমিনার করার পরিকল্পনা রয়েছে।

তারা বলেন, ইতোমধ্যে রাজশাহী জেলার বাঘা ও চারঘাট উপজেলার ছয়টি ইউনিয়নের ছয়টি প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রী, শিক্ষক, স্কুল কমিটি ও স্থানীয় ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মেম্বার ও অভিভাবক বৃন্দদের নিয়ে পানিতে ডোবা ও আঘাত জনিত দুর্ঘটনা প্রতিরোধে গণ-সচেতনতা সৃষ্টির লক্ষ্যে সচেতনতামূলক এ্যাডভোকেসি সেশন, ভিডিও ডকুমেন্ট্ররী প্রদর্শন ও লিফলেট বিতরণ করা হয়েছে।

একই সংগে স্থানীয় জনগণের সহযোগিতায় পানিতে ডোবার ঝুঁকিপূর্ণ এলাকা চিহ্নিত করে বিপদ চিহ্নিত সাবধানতামূলক নোটিশ বোর্ড স্থাপন করা হয়েছে বলে বক্তারা জানায়। ঈশ্বরদীর অন্যান্য ইউনিয়নেও এই কার্যক্রম পর্যায়ক্রমে চালু হবে বলে সেমিনারে এ কথা জানানো হয়।

বাংলাদেশ সরকার ও বাস্তবায়নকারী সংস্থা ফেইথ ইন এ্যাকশন এর গনসচেতনতা মুলক কার্যক্রম সমাজে গুরুত্বপুর্ন ভুমিকা রাখার সম্ভবনা আশা বাদ ব্যক্ত করেছে ফেইথ।